

# ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির ভর্তি আবেদনের সূচি প্রকাশ

অনলাইন ডেস্ক

প্রকাশ: ২৫ মে, ২০২৬ ০৯:৫০

---

---



ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির (ডিসিইউ) সাত ক্যাম্পাসে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে স্নাতক প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার আবেদনের সূচি ঘোষণা করা হয়েছে। ১০ জুন থেকে শুরু হচ্ছে ভর্তির আবেদন।

অনলাইনের মাধ্যমে এই আবেদন চলবে ২০ জুন পর্যন্ত।  
আর আগামী ৫ জুলাই থেকে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র  
ডাউনলোড করা যাবে।

রবিবার (২৪ মে) বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে রেজিস্ট্রার  
(চুক্তিভিত্তিক) মো. শহীদুর রহমানের সই করা বিজ্ঞপ্তিতে  
এসব তথ্য জানানো হয়েছে।

## আরো পড়ুন



সারা দিন আজ গ্যাস থাকবে না  
যেসব এলাকায়

বিজ্ঞপ্তিতে আরো বলা হয়, ঢাকা কলেজ, ইডেন মহিলা  
কলেজ, সরকারি তিতুমীর কলেজ, সরকারি বাঙলা  
কলেজ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ,  
সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ এবং কবি নজরুল  
সরকারি কলেজে ভর্তি নেওয়া হবে।

কলা, বিজ্ঞান, সমাজবিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা  
ইউনিটভুক্ত বিভিন্ন বিভাগে শিক্ষার্থীরা আবেদন করতে  
পারবেন।

ভর্তিচ্ছুরা কলা ও সমাজবিজ্ঞান, বিজ্ঞান এবং ব্যবসায়  
শিক্ষা, এই তিন ইউনিটে আবেদন করতে পারবেন।

## আরো পড়ুন



মেসির চোট নিয়ে যা বললেন  
মায়ামি কোচ

বিজ্ঞপ্তিতে আরো বলা হয়, ভর্তির জন্য আবেদন ফি  
নির্ধারণ করা হয়েছে ৮০০ টাকা। পেমেন্টসংক্রান্ত  
বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে।

বিজ্ঞপ্তিতে আরো বলা হয়েছে, ভর্তি-সংক্রান্ত যোগ্যতা, আসনসংখ্যা ও অন্যান্য বিস্তারিত তথ্য ইউনিটভিত্তিক ভর্তি নির্দেশিকায় উল্লেখ থাকবে। ভর্তি পরীক্ষার তারিখ ও সময়সূচি পরে পৃথক বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

## আরো পড়ুন



দিল্লিতে ১১ দিনে চারবার বাড়ল  
জ্বালানির দাম

আগামী ৫ জুলাই থেকে শিক্ষার্থীরা ওয়েবসাইট থেকে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন। এ ছাড়া কলা ও সমাজবিজ্ঞান ইউনিটের আসন বিন্যাস ৮ জুলাই থেকে এবং বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা ইউনিটের আসন বিন্যাস ১৪ জুলাই থেকে ওয়েবসাইটে প্রকাশ করা হবে।